

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

নরসিংদী।

www.food.narsingdi.gov.bd


স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.২৩-১০৬৮

তারিখ-৩০/০৮/২০২৩খ্রি:

“দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা খাদ্য অধিদপ্তরধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী'র আওতাধীন ০৭ (সাত) টি (নরসিংদী, রায়পুরা, ঘোড়াশাল, পলাশ, শিবপুর, মনোহরদী ও বেলাব) এলএসডিতে অক্টোবর/২৩ হতে সেপ্টেম্বর/২৫ পর্যন্ত বা নিয়োগের তারিখ হতে পরবর্তী ২ বছর জন্য একজন করে শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ করা হবে। আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

১.	মন্ত্রণালয়/ বিভাগ	:	খাদ্য মন্ত্রণালয়।
২.	এজেন্সি	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদী।
৩.	সংগ্রাহক সত্ত্বা	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
৪.	যে কাজের জন্য দরপত্র/কাজের নাম	:	খাদ্য অধিদপ্তরধীন নরসিংদী জেলার ০৭ (সাত) টি (নরসিংদী, রায়পুরা, ঘোড়াশাল, পলাশ, শিবপুর, মনোহরদী ও বেলাব) এলএসডি'র জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ।
৫.	দরপত্রের সূত্র নং ও তারিখ	:	স্মারক নম্বর- ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.২৩-১০৬৮ তারিখঃ ৩০/০৮/২০২৩ খ্রিঃ।
৬.	দরপত্রের ধরণ	:	এক ধাপ দুই খাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র (OTM)
৭.	দরপত্রের কার্যকাল	:	অক্টোবর/২৩ হতে সেপ্টেম্বর/২৫ পর্যন্ত বা নিয়োগের তারিখ হতে পরবর্তী ২ বছর।
৮.	দরপত্র তফসিল বিক্রয়ের তারিখ ও সময়।	:	১১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন।
৯.	দরপত্র সিডিউলের মূল্য (প্রতিসেট)	:	২০০০/- (দুই হাজার) টাকা।
১০.	টেন্ডার সিকিউরিটি	:	৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
১১.	পারফরমেন্স সিকিউরিটি	:	দরপত্র তফসিলে উল্লিখিত পরিমাণ।
১২.	বাজেট এবং আয়ের উৎস	:	রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
১৩.	দরপত্র বিক্রয়কারী দপ্তর	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদী।
১৪.	দরপত্র দাতার অভিজ্ঞতা	:	খাদ্য অধিদপ্তরধীন খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর শ্রম ও হ্যান্ডলিং এর সমজাতীয় কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা অথবা খাদ্য বিভাগীয় শ্রম ও হ্যান্ডলিং এর সমজাতীয় কাজে ন্যূনতম ০২ বছর এবং অন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সমপ্রকৃতির কাজে ০১ বছরসহ মোট ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। উক্ত অভিজ্ঞতা সনদ নিয়োগকারী কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে এবং অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ থাকতে হবে।
১৫.	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	:	১২/০৯/২০২৩ খ্রিঃ তারিখ, দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
১৬.	দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদী।
১৭.	দরপত্র উন্মুক্তকারী দপ্তরের নাম	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদী।
১৮.	দরপত্র উন্মুক্তকরণ তারিখ ও সময়	:	১২/০৯/২০২৩ খ্রিঃ তারিখ, দুপুর ১.৩০ ঘটিকায়।
১৯.	দরপত্র মূল্যায়নের তারিখ, স্থান ও সময়	:	(ক) ১২/০৯/২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী এর অফিস কক্ষে দরপত্রদাতা/দরপত্রদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক খোলা হবে। (খ) যে সকল দরপত্রদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব গ্রহণযোগ্য (Responsive) বিবেচিত হবে কেবলমাত্র সেই সকল দরপত্রদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive দরপত্রদাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদীর নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে।
২০.	উদ্ধৃত দর	:	সর্বনিম্ন মূল্যায়নিত দরের সমতা হলে PPR-২০০৮ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।
২১.	দরপত্রের মেয়াদ	:	দরপত্র গ্রহণের তারিখ হতে ৯০ (নব্বই) দিন।
২২.	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী	:	মং খ্যাই, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
২৩.	দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য	:	হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নরসিংদী। ফোন নং -০২২২৪৪৫১৬১৪
২৪.	এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।	:	

  
মং খ্যাই

জেলা খাদ্য নিয়ন্ত্রক,  
নরসিংদী।